মুজিব শতবর্ষ MUJIB 100

# কৃষি বিপণন বার্তা

ত্রৈমাসিক কৃষি বিপণন বার্তা

প্রথম বর্ষ
চতুর্থ সংখ্যা
বৈশাখ ১৪২৯
পৃষ্ঠা ৮

## জাতীয় সবজি মেলা-২০২২ এ কৃষি বিপণন অধিদপ্তরের তৃতীয় স্থান অর্জন



জাতীয় সবজি মেলা-২০২২ এ তৃতীয় স্থান অর্জনের ক্রেস্ট গ্রহণ করছেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

কৃষি মন্ত্রণালয় কর্তৃক ঢাকার কেআইবি চত্বরে আয়োজিত জাতীয় সবজি মেলা-২০২২ এ কৃষি বিপণন অধিদপ্তর ৩য় স্থান অর্জন করে। জাতীয় সবজি মেলায় কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহ ছাড়াও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান সুসজ্জিত স্টলের মাধ্যমে তাদের কার্যক্রম পরিবেশন করে।

## জেলা পর্যায়ে কৃষকের বাজার স্থাপনের মাধ্যমে নিরাপদ শাকসবজি বাজারজাতকরণ সম্প্রসারণ কর্মসূচির আওতায় উপকরণ সামগ্রী বিতরণ



কৃষকের বাজার এর শুভ উদ্বোধন ঘোষণা শেষে উপকরণ সামগ্রী বিতরণ করছেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন জেলা পর্যায়ে কৃষকের বাজার স্থাপনের মাধ্যমে নিরাপদ শাকসবজি বাজারজাতকরণ সম্প্রসারণ কর্মসূচির আওতায় অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় চত্বরে নির্মিত কৃষকের বাজারে কৃষকদের মাঝে উপকরণ সামগ্রী বিতরণ করছেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ উদযাপন



বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করছেন মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ উপলক্ষ্যে ১৭ মার্চ, ২০২২ খ্রিঃ তারিখ কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব আঃ গাফ্‌ফার খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ দীন ইসলাম, পরিচালক (প্রশাসন ও হিসাব)। আলোচনা সভা শেষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং কেক কেটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উদযাপন করা হয়।

## "খসড়া জাতীয় কৃষি বিপণন নীতি-২০২১" পর্যালোচনা বিষয়ে কৃষি মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত



আন্তঃমন্ত্রণালয় সভায় বক্তব্য প্রদান করছেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

"খসড়া জাতীয় কৃষি বিপণন নীতি-২০২১" পর্যালোচনাপূর্বক এটি সংশোধন ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য একটি আন্তঃমন্ত্রণালয় সভা ৩০ মার্চ ২০২২ খ্রি. তারিখ কৃষি

মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম। এ সময় বাংলাদেশ কৃষি ব্যাংক এর চেয়ারম্যান এবং কৃষি মন্ত্রণালয়ের সাবেক সিনিয়র সচিব মোঃ নাসিরুজ্জামান, কৃষি মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের কর্মকর্তা, বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন। কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব আঃ গাফ্‌ফার খান উক্ত নীতির বিভিন্ন বিষয় বর্ণনা করেন। কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয় এবং উপস্থিত সকলেই জাতীয় কৃষি বিপণন নীতির প্রয়োজনীয়তা স্বীকার করেন। এটি একটি গুরত্বপূর্ণ পদক্ষেপ বলে তারা অভিমত ব্যক্ত করেন।

## কৃষি বিপণন অধিদপ্তরের এসএসিপি প্রকল্পের আওতায় বাগেরহাটে চলমান প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন



প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করছেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

২৪ মার্চ, ২০২২ কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক আঃ গাফ্‌ফার খান "স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (বিপণন অংগ)-এর আওতায় বাগেরহাট জেলার কচুয়া ও ফকিরহাট উপজেলায় চলমান "ফসল কর্তনোত্তর এবং প্রাথমিক প্রক্রিয়াকরণ" শীর্ষক কৃষক প্রশিক্ষণ পরিদর্শন করেন।

## খুলনা বিভাগীয় কার্যালয়ের কৃষি পণ্যের প্রসেসিং সরঞ্জামাদি পরিদর্শন



কৃষি পণ্যের প্রসেসিং সরঞ্জামাদি পরিদর্শন করছেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

২৪ মার্চ, ২০২২ খ্রি. তারিখ কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্‌ফার খান। খুলনা বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ও খুলনা জেলা কার্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি অব্যবহৃত কৃষি পণ্যের প্রসেসিং সরঞ্জামাদি কাজে লাগানোর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

## ঢাকার বৃহত্তম কৃষিপণ্যের বাজার কাওরান বাজার মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা



জেলা প্রশাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনা করছেন উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ

২১ মার্চ, ২২খ্রিঃ ঢাকার বৃহত্তম কৃষিপণ্যের বাজার কাওরান বাজার মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ঢাকা জেলা প্রশাসন এর নির্বাহী ম্যাজিস্ট্রেট সৈয়দা সালেহা নুর, কৃষি বিপণন আইন ২০১৮ এর বিভিন্ন ধারা মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনা করেন। সকল সম্মানিত ব্যবসায়ীদের এক সপ্তাহের মধ্যে কৃষি বিপণন আইন অনুযায়ী লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার নির্দেশ প্রদান করেন। এ সময় উপস্থিত ছিলেন উপ পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।

## অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য স্থিতিশীল ও যৌক্তিক পর্যায়ে রাখতে ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত



মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

পবিত্র রমজান মাস উপলক্ষ্যে অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের সরবরাহ/মূল্য পরিস্থিতি স্থিতিশীল ও যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে ২৩ মার্চ ২০২২ খ্রি. তারিখ সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব আঃ গাফ্‌ফার খান এর সাথে একটি মতবিনিময় সভা কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কৃষি বিপণন

অধিদপ্তরের পরিচালক, উপপরিচালক, সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এবং বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং ব্যবসায়ীরা তাদের ব্যবসা পরিচালনার ক্ষেত্রে নানা প্রতিবন্ধকতার কথা তুলে ধরেন। মহাপরিচালক মহোদয় তাদের সমস্যা সমাধানের ব্যাপারে প্রয়োজনীয় আশ্বাস প্রদান করেন এবং রমজান মাসে কৃষিপণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য সকল পক্ষকে অনুরোধ করেন।

## কৃষি বিপণন অধিদপ্তরে "Sustainable Marketing Linkage for Ensuring Fair Price of Agro Products to Producer" বিষয়ক সেমিনার আয়োজন



সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

কৃষি বিপণন অধিদপ্তরের প্রশিক্ষণ ও সমন্বয় শাখার আয়োজনে ১৬ মার্চ, ২০২২ খ্রিঃ তারিখে "Sustainable Marketing Linkage for Ensuring Fair Price of Agro Products to Producer" বিষয়ক সেমিনার সম্পন্ন হয়েছে। সেমিনারে উল্লিখিত বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মোঃ মজিবুল হক, সাপ্লাই চেইন এক্সপার্ট, সলিডারিডাড নেটওয়ার্ক এশিয়া। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। মূল প্রবন্ধের উপর গুরুত্বপূর্ণ আলোচনা করেন জনাব মোঃ দীন ইসলাম, পরিচালক (প্রশাসন ও হিসাব) (যুগ্মসচিব) এবং জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ) (যুগ্মসচিব), কৃষি বিপণন অধিদপ্তর। ডিএএম, ডিএই, বিএডিসি, বেসরকারি উন্নয়ন সংস্থার কর্মকর্তাগণ, কৃষিপণ্য রপ্তানিকারক এবং উদ্যোক্তাগণ সেমিনারে অংশগ্রহণ করে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। সেমিনারে কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তিতে কৃষি বিপণন অধিদপ্তরের করণীয় বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ উঠে এসেছে।

## যশোরে নির্মিতব্য কৃষকের বাজার পরিদর্শনে আসেন কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি

২১ মার্চ, ২০২২ ইং তারিখে যশোর সদর উপজেলার সবজি খ্যাতনাম বারীনগর বাজারে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কৃষকের বাজার নির্মাণের কাজ পরিদর্শনে আসেন কৃষি মন্ত্রণালয়ের উপসচিব মহোদয় কাজী আব্দুর রায়হান, আরও উপস্থিত ছিলেন যশোর হর্টিকালচার এর উপ-পরিচালক, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসার এবং হৈবতপুর ইউনিয়ন এর চেয়ারম্যান। স্থানীয় এই চেয়ারম্যান কাজের অগ্রগতি ও কৃষকের নিরাপদ শাকসবজি বিপণনের সার্বক্ষণিক দেখাশোনার আশ্বাস দেন এবং পাশাপাশি তিনি কৃষি উন্নয়ন মূলক কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে উপ সচিব মহোদয়ের সাথে আলোচনা করেন। উপ সচিব মহোদয় কাজের অগ্রগতি সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন।



যশোর কৃষকের বাজার নির্মাণের কাজ পরিদর্শন করছেন কৃষি মন্ত্রণালয়ের উপসচিব জনাব কাজী আব্দুর রায়হান

## ভোলায় অবৈধভাবে মজুতকৃত সয়াবিন তেল উদ্ধার এব মোবাইল কোর্টের মাধ্যমে ডিলার পয়েন্ট সিলগালা



জেলা প্রশাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনা করছেন কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, ভোলা

১৩ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ ভোলা সদর বাজার মোবাইল কোর্ট কৃষি বিপণন আইন, ২০১৮ এর বিভিন্ন ধারা ভঙ্গের অপরাধে ভোলা সদর বাজারস্থ স্টেডিয়াম সড়ক এলাকায় এক ডিলার পয়েন্টে অভিযান চালিয়ে ৬২০০ লিঃ বিভিন্ন ব্রান্ডের ভোজ্যতেলসহ গুদামটি সিল গালা করা এবং ঐ ব্যবসায়ীকে ২০,০০০/-জরিমানা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, ভোলা।

## খুলনায় মোবাইল মাছ বিক্রয় শপ (ফিশ মামা) উদ্বোধন



মোবাইল মাছ বিক্রয় শপ (ফিশ মামা) উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, খুলনা

কর্মব্যস্ত জীবনে সময় সাশ্রয়ী ও কাটাকুটির ঝামেলামুক্ত (Ready to cook & Ready to eat) ফ্রেশকাট শাক-সবজি ও প্রক্রিয়াজাতকৃত মাছ বিপণন কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা এবং মৎস্য অধিদপ্তর খুলনা এর আয়োজনে অনলাইন ভিত্তিক মাছ বিক্রয় ও মোবাইল মাছ বিক্রয় শপ (ফিশ মামা) উদ্বোধন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন জনাব মোঃ আবু ছাইদ, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা; জনাব শাহরিয়ার আকুঞ্জী, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা; জনাব জয়দেব পাল, জেলা মৎস্য অফিসার, খুলনা; জনাব এটিএম তৌফিক মাহমুদ, ডিপিডি, ইউনিয়ন প্রকল্প; জনাব রাজ কুমার বিশ্বাস, সহকারী পরিচালক, বিভাগীয় মৎস্য অধিদপ্তর, খুলনা ও অন্যান্য কর্মকর্তাপ্রমুখ।

## কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের আওতায় সাতক্ষীরা জেলায় জিরো এনার্জি কুল চেম্বার নির্মাণ পরিদর্শন



জিরো এনার্জি কুল চেম্বার নির্মাণ পরিদর্শন এবং কৃষকদের সাথে মতবিনিময় করছেন কৃষি বিপণন কর্মকর্তা, সাতক্ষীরা

০১ মার্চ, ২০২২ তারিখে সাতক্ষীরা সদরের ছনকা গ্রামের কৃষক মোঃ মোস্তাফিজুর রহমানের বাড়িতে নির্মিত কুল চেম্বারে সংরক্ষিত পণ্য পরিদর্শন ও বিপণন দলের সাথে মত বিনিময় সভা করা হয়। সভায় কৃষকরা প্রতিটি গ্রামে ২-৩ টি করে কুল চেম্বার নির্মাণের দাবি জানান। এ সময় ব্যক্তি উদ্যোগে জিরো এনার্জি কুল চেম্বার নির্মাণের বিষয়ে আহবান জানানো হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তার আশ্বাস প্রদান করা হয়।

## কক্সবাজারে কৃষিপণ্য ব্যবসায়ী, উদ্যোক্তা, রপ্তানিকারক, প্রক্রিয়াজাতকারী নের্তৃবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত




মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কক্সবাজার কর্তৃক আয়োজিত পবিত্র মাহে রমজান উপলক্ষে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে কৃষিপণ্য ব্যবসায়ী, উদ্যোক্তা, রপ্তানিকারক, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকারী, বিভিন্ন ব্যবসায়ী নের্তৃবৃন্দের সাথে কৃষিপণ্যের বাজার মূল্য এবং বাজার সংযোগ সৃষ্টি শীর্ষক এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক ও অতিরিক্ত সচিব, কৃষি বিপণন অধিদপ্তর, খামার বাড়ি, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মিল্টন রায়, উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর, কক্সবাজার। মতবিনিময় সভায় সকল ব্যবসায়ী রমজান মাসে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে সরকারকে সহযোগিতা করবেন বলে আশ্বস্ত করেন।

## গোপালগঞ্জে কৃষিপণ্য ব্যবসায়ী, উদ্যোক্তা এবং কৃষকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত



কৃষক ও কৃষি ব্যবসায়ীদের নিয়ে মতবিনিময় সভা করছেন কৃষি বিপণন কর্মকর্তা, গোপালগঞ্জ

গোপালগঞ্জ জেলায় ২২ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ কৃষক ও কৃষি ব্যবসায়ীদের নিয়ে মতবিনিময় সভা করেন জনাব মোঃ আরিফ হোসেন, কৃষি বিপণন কর্মকর্তা, গোপালগঞ্জ। কৃষক যাতে উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য পায় সে ব্যবস্থা করতে আশ্বাস প্রদান করা হয়। অতিরিক্ত মার্কেট চার্য আদায় করার বিষয়ে আড়তদারদের সতর্ক করা হয়।

## চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উর্ধ্বমূখী সম্প্রসারণ ও সংস্কার কার্যক্রমের উদ্বোধন



চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উর্ধ্বমূখী সম্প্রসারণ ও সংস্কার কাজের উদ্বোধন করছেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

১৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখে চট্টগ্রাম সফর করেন কৃষি বিপণন অধিদপ্তরের সন্মানিত মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান (অতিরিক্ত সচিব)। এ সময় তিনি চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উর্ধ্বমূখী সম্প্রসারণ ও সংস্কার কার্যক্রমের উদ্বোধন করেন এবং গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন।

## বান্দরবানে কৃষক, কৃষি ব্যবসায়ী এবং উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত



মতবিনিময় সভায় উপস্থিত জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

১৯ ফেব্রুয়ারি, ২০২২ ইং তারিখে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয় বান্দরবান পার্বত্য জেলা কর্তৃক জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে- কৃষক, কৃষি ব্যবসায়ী, কৃষি উদ্যোক্তা ও বান্দরবান পার্বত্য জেলার বিশিষ্ট ব্যবসায়ীদের সঙ্গে ডিসি মহোদয়ের সভাপতিত্বে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্ফার খান। এ ছাড়াও উক্ত সভায় উপস্থিত ছিলেন বান্দরবান পার্বত্য জেলার সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা জনাব মাকছুদুল আলম, উপ পরিচালক কৃষি সম্প্রসারণ, উপপরিচালক হর্টিকালচার, উপপরিচালক পাহাড়ী তুলা গবেষণা, পরিচালক ইক্ষু গবেষণা, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা মৃত্তিকা গবেষণা ও কৃষি সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ।

## কুমিল্লায় আলুর মডেল ঘর পরিদর্শন করেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের প্রতিনিধি দল



আলুর মডেল ঘর পরিদর্শনকালে বিএআরসি প্রতিনিধি দলকে সহয়তা করেন উপপরিচালক, রংপুর বিভাগ

০৯ ফেব্রুয়ারি, ২০২২খ্রিঃ "বসতবাড়িতে আলু সংরক্ষণ ও আলুর ব্যবহার বহুমুখীকরণ" সমাপ্ত কর্মসূচি কর্তৃক নির্মিত আলুর মডেল ঘর পরিদর্শন করেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সম্মানিত পরিচালক ডঃ কবির উদ্দিন আহম্মেদ। এ সময় উপস্থিত ছিলেন জনাব আনোয়ারুল হক, উপপরিচালক, রংপুর বিভাগ এবং জনাব মোহাম্মদ জাকারিয়া, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কুমিল্লা। আলু উৎপাদনে এ বছর কুমিল্লা অঞ্চল আবহাওয়া জনিত কারণে কিছুটা ক্ষতির সম্মুখীন হলেও এ অঞ্চলের ক্ষুদ্র ও মাঝারি চাষিদের মধ্যে এ ধরনের আলু সংরক্ষণের মডেল ঘরের চাহিদা রয়েছে।

## কক্সবাজারের উখিয়ায় কৃষক ও ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত




ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করছেন উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ

গত ০৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে কক্সবাজার জেলার উখিয়া উপজেলায় উপজেলা নির্বাহী কর্মকর্তার সম্মেলন কক্ষে দিন ব্যাপী NGO প্রতিনিধি, রপ্তানিকারক, বিভিন্ন কৃষিপণ্যের উদ্যোক্তা, চালকল মালিক, কৃষিপণ্য ব্যবসায়ী এবং কৃষক সংগঠনের সাথে তাদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রাপ্তিতে করণীয় এবং বাজার সংযোগ সৃষ্টির লক্ষ্যে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক (উপসচিব), জনাব নাসিম ফারহানা শিরীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব নিজাম উদ্দিন আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার।

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বিষয়ে সদর দপ্তরে প্রশিক্ষণ আয়োজন



প্রশিক্ষণ কর্মশালায় মহাপরিচালক মহোদয়ের সাথে উপস্থিত কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সম্প্রসারণ) জনাব তন্ময় দাস

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সদর দপ্তরে কর্মকর্তাগণের জন্য ২৮ মার্চ ২০২২ খ্রিঃ তারিখে দিনব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণে উল্লিখিত বিষয়ে গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তরসহ জনাব তন্ময় দাস, যুগ্মসচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়।

## যশোরে ব্যবসায়ীদের সাথে কৃষকদের লিংকেজ তৈরী এবং বিপণনে সহায়তা প্রদান

২৫ জানুয়ারি, ২০২২ যশোর সদর উপজেলার শাক -সবজির খ্যাতনাম চুড়ামনকাঠি ও সৈয়দপুর এর প্রান্তিক পর্যায়ে কৃষকদের সাথে দেখা করে তাদের বিভিন্ন ধরনের সবজি উৎপাদনের তথ্য সংগ্রহ করা হয়। কৃষকরা যাতে করে ন্যায্য মূল্য পায় এ ব্যাপারে তাদের বিভিন্ন ধরনের পরামর্শ প্রদান করা হয়। পাশাপাশি এক বড়ই চাষী প্রচুর পরিমাণ বরই উৎপাদন করেছে, যা স্থানীয় বাজার মূল্য খুবই কম, তার সাথে বড়ই ব্যবসায়ীদের একটা লিংকেজ তৈরী করে দেয়ার আশ্বাস প্রদান করা হয়। উক্ত তথ্য সংগ্রহ এবং পরামর্শ প্রদানে উপস্থিত ছিলেন আব্দুর রাজ্জাক, মাঠ ও বাজার পরিদর্শক, কৃষি বিপণন অধিদপ্তর যশোর এবং মোঃ শাহজাহান সরকার, মাঠ কর্মকর্তা।



শাকসবজির জন্য বিখ্যাত চুড়ামনকাঠি ও সৈয়দপুরে কৃষকদের পরামর্শ প্রদান করছেন মাঠ ও বাজার পরিদর্শক, কৃষি বিপণন অধিদপ্তর, যশোর

## প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্যের রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে অংশীজনদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত



বাংলাদেশ এগ্রোপ্রসেসর্স এসোসিয়েশন (বাপা)'র কর্মকর্তাদের সাথে মতবিনিময় করছেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

প্রক্রিয়াজাতকৃত কৃষি পণ্য রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ এগ্রোপ্রসেসর্স এসোসিয়েশন (বাপা) এবং প্রক্রিয়াজাতকৃত কৃষি পণ্য রপ্তানী প্রতিষ্ঠান এর সমন্বয়ে একটি মত বিনিময় সভা ১৮ জানুয়ারি ২০২২ অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান সভায় সভাপতিত্ব করেন। সভায় রপ্তানিকারক প্রতিষ্ঠানের মধ্যে প্রাণ গ্রুপ, আকিজ ফুড এন্ড বেভারেজ লিমিটেড, এসি আই ফুডস্ লিমিটেড, সজীব গ্রুপ, ড্যানিশ ফুডস্ লিমিটেড, রাজ-কামাল খামারবাড়ি লিমিটেড এবং বাপা'র প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

## রংপুর জেলার ভূরার হাট হতে আলু রপ্তানি কার্যক্রম পরিদর্শন

১৮ জানুয়ারি ২০২২ মঙ্গলবার রংপুর জেলার সদর উপজেলার ভূরার হাট স্থান হতে গ্রানুলা জাতের আলু রপ্তানী কার্যক্রম শুরু করা হয়। রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে রংপুর কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষ হতে আলু চাষীদের সাথে রপ্তানীকারকের প্রতিনিধিগণের সাথে সংযোগ স্থাপনের ব্যবস্থা করা হয়। উল্লেখ্য, কয়েকটি স্থান হতে দৈনিক ৭০-৯০ মেট্রিক টন আলু চট্টগ্রাম বন্দরের মাধ্যমে মালয়েশিয়ায়

প্রেরণ করা হয়েছে। আলুর বাজার মূল্য কম থাকায় কৃষক, ব্যবসায়ী ও রপ্তানীকারকগণকে বসত বাড়িতে ম্যাচাং পদ্ধতিতে আলু সংরক্ষণ কার্যক্রম জনপ্রিয় করা, রপ্তানী ও বহুমূখী ব্যবহার বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়।



রংপুরের আলু রপ্তানি কার্যক্রম পরিদর্শন করছেন উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর বিভাগ

## সাতক্ষীরায় উদ্যোক্তা উন্নয়ন ও বাজারজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত




কর্মশালায় বক্তব্য রাখছেন কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, সাতক্ষীরা

২৯ মার্চ, ২০২২ তারিখ সাতক্ষীরা সদরে স্বদেশ সাতক্ষীরা শাখা এসিড সারভাইভরদের নিয়ে আয়োজিত আয়বর্ধনমূলক প্রশিক্ষণ যার বিষয় উদ্যোক্তা উন্নয়ন ও বাজারজাতকরণ। উক্ত প্রশিক্ষণে অতিথি হিসেবে জনাব সালেহ্ মোহাম্মাদ আবদুল্লাহ্ (কৃষি বিপণন কর্মকর্তা, সাতক্ষীরা) উপস্থিত কৃষক, কৃষাণী এবং কৃষি ব্যবসায়ীদের কৃষিপণ্যের গ্রেডিং, সর্টিং, প্যাকেজিং, প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ও সংরক্ষণ বিষয়ে আলোচনা করেন।

## রাজশাহীতে কৃষক সংগঠন, চালকল মালিক, কৃষি ব্যবসায়ী ও এনজিও প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

২৭ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে রাজশাহীতে কৃষক সংগঠন, চালকল মালিক, কৃষি ব্যবসায়ী ও এনজিও প্রতিনিধিদের নিয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোছাঃ তাছলিমা খাতুন উপপরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।




মতবিনিময় সভয় উপস্থিত জনাব মোছাঃ তাছলিমা খাতুন উপপরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

## সিলেটে কৃষকদের “কৃষি পণ্যের সংগ্রহত্তোর ক্ষতি হ্রাস ও ভ্যালু চেইন” বিষয়ে প্রশিক্ষণ আয়োজন



প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

৩১ মার্চ, ২০২২ তারিখ আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কৃষি বিপণন অধিদপ্তর, নরসিংদী কর্তৃক "কৃষি পণ্যের সংগ্রহত্তোর ক্ষতি হ্রাস ও ভ্যালু চেইন” বিষয়ে সিলেট জেলার কৃষকদের জন্য দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক কৃষি বিপণন অধিদপ্তর। মোহাম্মদ কাজী মজিবুর রহমান, উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট, ডক্টর মাহমুদুল ইসলাম নজরুল, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা কেন্দ্র, সিলেট, জনাব মোঃ মজিবর রহমান, সহকারী পরিচালক এবং জনাব কিশোর কুমার সাহা, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। উক্ত প্রশিক্ষণে কৃষক কৃষি ব্যবসায়ী ও নারী উদ্যোক্তাগণ তাদের নানা সমস্যার কথা তুলে ধরেছেন এবং উপস্থিত কর্মকর্তারা সে বিষয়গুলো সমাধানের উপায় সম্পর্কে আলোচনা করেন

## ঝিনাইদহের বালিয়াডাঙ্গিতে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক নির্মিত ফুলের এ্যাসেম্বল সেন্টারের শুভ উদ্বোধন



উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব মোঃ আনায়ারুল আজিম আনার (এমপি), মাননীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-০৪

২৫ মার্চ ২০২২ খ্রি. তারিখ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ঝিনাইদহ জেলার বালিয়াডাঙ্গি উপজেলায় নির্মিত এ্যাসেম্বল সেন্টারের বানিজ্যিক কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আনায়ারুল আজিম আনার (এমপি), মাননীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-০৪। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। এছাড়া বিশেষ অতিথি হিসেবে সাবেক প্রকল্প পরিচালক জনাব দেওয়ান আশরাফুল হোসেন সহ স্থানীয় জনপ্রতিনিধি, সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, কৃষক ও ব্যবসায়ী প্রতিনিধি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব সাদিয়া জেরিন, উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, ঝিনাইদহ।

## ঢাকার গাবতলীতে নির্মিতব্য ফুলের পাইকারী বাজার নির্মাণ কাজ পরিদর্শন



নির্মাণ কাজ পরিদর্শন করছেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান ১৭ জানুয়ারি, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় গাবতলীর সেন্ট্রাল মার্কেটে নির্মানাধীন তিন তলা ভবন এর নির্মাণ কাজ আকস্মিক পরিদর্শন করেন। তিনতলা ভবনের মূল অংশ দৃশ্যমান হওয়ায় মহাপরিচালক মহোদয় সন্তোষ প্রকাশ করেন। এ ছাড়া নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন নির্মাণ সামগ্রী ও কাজের গুণগত মান নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

## ঢাকা বিভাগীয় কার্যালয় চত্বরে নির্মিত কৃষকের বাজার এর শুভ উদ্বোধন




ঢাকা বিভাগীয় কার্যালয় চত্বরে কৃষকের বাজার এর শুভ উদ্বোধন ঘোষণা করছেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

০২ এপ্রিল ২০২২ খ্রি. তারিখ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জেলা পর্যায়ে কৃষকের বাজার স্থাপনের মাধ্যমে নিরাপদ শাকসবজি বাজারজাতকরণ সম্প্রসারণ কর্মসূচি”র আওতায় অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ে নির্মিত কৃষকের বাজার এর শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব আঃ গাফ্ফার খান। এ সময় কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও ঢাকা বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মহাপরিচালক মহোদয় কৃষকের বাজার ঘুরে ঘুরে দেখেন এবং কৃষকদের সাথে কথা বলেন। এই বাজারে উৎপাদিত বিষমুক্ত শাকসবজি সরাসরি বিক্রির সুযোগ প্রদান করার জন্য কৃষকেরা মহাপরিচালক মহোদয়কে ধন্যবাদ জানান। সপ্তাহের প্রতি শুক্র ও শনিবার সকাল ০৭:০০ টা থেকে রাজধানীর মিরপুর সারে এগারো, পল্লবী পোস্ট অফিস সংলগ্ন বিভাগীয় কৃষি বিপণন কার্যালয়ে এই কৃষকের বাজার চালু থাকবে। ভোক্তাগণ এই বাজার থেকে বিষমুক্ত শাকসবজি ক্রয় করতে পারবে।

সম্পাদনা: মোঃ রশিদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও সমন্বয়), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০২৮৪৪৯; ই-মেইলঃ rashidul609@gmail.com; ওয়েবসাইটঃ www.dam.portal.gov.bd